দৈনিক সংবাদ

তারিখ ... ... JAN. 24 2002 ..
পৃষ্ঠা ১০ কলাম ৪

13

# শতবর্ষ উদযাপন উৎসব
# শেষ দিনের বিষয় ছিল কবি

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সঙ্গীত বিভাগ এবং বেঙ্গল ফাউন্ডেশনের যৌথ আয়োজনে ৩ দিনব্যাপী শতবর্ষ উদ্‌যাপন উৎসব গত শনিবার শেষ হয়েছে। টিএসসি মিলনায়তনে আয়োজিত বর্ণাঢ্য উৎসবের শেষ দিনে 'শতবর্ষের কবিতা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ পড়েন ডঃ বিশ্বজিত ঘোষ। ডঃ মৃদুল কান্তি চক্রবর্তীর সভাপতিত্বে আলোচনায় অংশ নেন বিশেষ অতিথি ডঃ আনিসুজ্জামান, ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান ও আসাদ চৌধুরী। বক্তারা বিশ শতকের বাংলা কবিতার তুলনামূলক বিশ্লেষণ করে বলেন, একুশ শতকে বাংলা কবিতা বিশ্ব সাহিত্যে বলিষ্ঠ অবস্থান নেবে। সেমিনার-শেষে সন্ধ্যায় বিশিষ্ট কবিদের স্বরচিত কবিতা পাঠ, আবৃত্তি, সঙ্গীতানুষ্ঠান ও নাট্যাংশ প্রদর্শিত হয়। দেশের প্রধানতম কবি শামসুর রাহমান ও বেলাল চৌধুরী কবিতা পাঠ করে শোনান। আবৃত্তি করেন কাজী আবু জাফর সিদ্দিকী, সৈয়দ হাসান ইমাম ও আসাদুজ্জামান নূর।

অনুষ্ঠানে ফেরদৌসী রহমান, অজিত রায়, শবনম মুশতারী, সৈয়দ আবদুল হাদী ও সুবীর নন্দীসহ বিশিষ্ট শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন। নাগরিক নাট্যদল ও নাট্যকলা এবং সঙ্গীত বিভাগ সমাপনী উৎসবে নাটক পরিবেশন করে। বিপুলসংখ্যক দর্শক-শ্রোতা শতবর্ষ উদ্‌যাপন অনুষ্ঠান উপভোগ করেন। এ উপলক্ষে টিএসসি প্রাঙ্গণ বর্ণাঢ্য সাজে সাজানো হয়।

ভারতের পররাষ্ট্র প্রতিমন্ত্রী অজিত কুমার পাজা গত শুক্রবার উৎসবের ২য় দিনে শুভেচ্ছা বক্তব্য এবং কবিতা আবৃত্তি করেন।